

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৯১

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০

১৮ ফেব্রুয়ারি ২০২৪


বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১৫১২৪/২০২৩ এবং ১৪০৬৪/২০২৩) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ এডহক কমিটি অনুমোদন/গভর্নিংবডি'র সভাপতি পরিবর্তন সংক্রান্ত আদেশের বিরুদ্ধে সংস্কৃক হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১	১৫১২৪/২০২৩	জনাব মো: সাইদুর রহমান, শিক্ষার্থীর অভিভাবক, বিনয়কুড়ি কলেজ, চিরিরবন্দর, দিনাজপুর-এর এডহক কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব মো: সাইদুর রহমান, শিক্ষার্থীর অভিভাবক, বিনয়কুড়ি কলেজ, চিরিরবন্দর, দিনাজপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরসহ মোট ০৮ (আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
২	১৪০৬৪/২০২৩	দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলাধীন 'পলাশবাড়ী এম এস গোপাল মডেল কলেজ, এর গভর্নিংবডি'র সভাপতি পরিবর্তন সংক্রান্ত।	জনাব মো: আব্দুর রহমান, সভাপতি, গভর্নিংবডি, পলাশবাড়ী এম এস গোপাল মডেল কলেজ, বীরগঞ্জ, দিনাজপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরসহ মোট ০৭ (সাত) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৫১২৪/২০২৩ এবং ১৪০৬৪/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যানের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৯১/১(৩)

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০

১৮ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব